ভোরের কাগজ

তারিখ ... JUL. 26 1999
পৃষ্ঠা ৪২ কলাম ৫

10

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বেতন স্কেল বাড়ানোর দাবি

## রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ১৩ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল রোববার বঙ্গভবনে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সঙ্গে সাক্ষাৎ করেন। ইউএনবি।

নেতা ও সমিতির সভাপতি অধ্যাপক জসীম উদ্দীন আহমেদের নেতৃত্বে প্রতিনিধিরা রাষ্ট্রপতিকে দেওয়া এক স্মারকলিপিতে তাদের বেতন স্কেল ও পদমর্যাদা বৃদ্ধির আহ্বান জানান।

ক্যাম্পাসে শিক্ষার উপযুক্ত পরিবেশ ফিরিয়ে আনার উপায় খুঁজে বের করতে একটি সর্বদলীয় সংসদীয় কমিটি গঠনের প্রস্তাবও দেন প্রতিনিধিদলের সদস্যরা। রাষ্ট্রপতি ধৈর্যসহকারে তাদের কথা শোনেন। তিনি ছাত্রদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার মহান ব্রতে শিক্ষকদের আরো মনোযোগী হওয়া উচিত বলে মত প্রকাশ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এ এম ফারুক, অধ্যাপক এ এফ এম ইউসুফ হায়দার ও অধ্যাপক এম হোসেন মনসুর, বুয়েটের অধ্যাপক এম আবদুর রাজ্জাক আখন্দ ও ড. হাসিব মোহাম্মদ আহসান। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শেখ মোহাম্মদ মঞ্জুরুল হক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সিদ্দিক আহমদ চৌধুরী ও অধ্যাপক গোলাম কিবরিয়া, বিওইউ-এর এম আনওয়ারুল ইসলাম, ইসলামী বিশ্ববিদ্যালয়ের এম সারওয়ার জাহান ও তোজাম্মেল হোসেন এবং বিএইউ-এর অধ্যাপক আবদুল হালিম প্রতিনিধি দলে ছিলেন।